**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

**সংবাদ গতিধারা**
**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**
**সংখ্যা ৫৮/২০১৮-১৯**
**ঢাকা, সোমবার ২৪ সেপ্টেম্বর ২০১৮, ৯ আশ্বিন ১৪২৫**
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে।

১। রাষ্ট্রপতি পাঁচ দিনের সরকারি সফরে আজ কিশোরগঞ্জ যাচ্ছেন

২। জাতিসংঘের সাধারণ পরিষদে যোগ দিতে নিউইয়র্কে পৌঁছেছেন প্রধানমন্ত্রী

৩। উন্নয়নের বার্তা জনগণের কাছে তুলে ধরতে হবে : স্পিকার

৪। নির্বাচনের কারণে অর্থনীতি ক্ষতিগ্রস্ত হবে না : অর্থমন্ত্রী

৫। প্রতিবন্ধীদের জীবনমান উন্নয়নে সরকার সচেষ্ট : সমাজকল্যাণমন্ত্রী

৬। দেশ অর্থনৈতিকভাবে অগ্রসর হওয়ার পূর্বশর্ত উন্নত যোগাযোগ ব্যবস্থা : পরিকল্পনামন্ত্রী

৭। আগামী ৭ থেকে ২৮ অক্টোবর ইলিশসহ সকল মাছ ধরা নিষিদ্ধ

৮। ডিজিটাল নিরাপত্তা আইন ডিজিটাল অপরাধ দমনের জন্য : তথ্য প্রযুক্তিমন্ত্রী

৯। এএফসি অনূর্ধ্ব-১৬ নারী ফুটবলে বাংলাদেশের মেয়েরা অপরাজিত গ্রুপ চ্যাম্পিয়ন

১০। এশিয়াকাপে আফগানিস্তানকে হারিয়ে বাংলাদেশের রুদ্ধশ্বাস জয়

**১। রাষ্ট্রপতি পাঁচ দিনের সরকারি সফরে আজ কিশোরগঞ্জ যাচ্ছেন**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ পাঁচ দিনের সরকারি সফরে কিশোরগঞ্জের হাওর অধ্যুষিত তিন উপজেলা অষ্টগ্রাম, ইটনা ও মিঠামইনে যাচ্ছেন আজ। দ্বিতীয় মেয়াদে রাষ্ট্রপতি নির্বাচিত হওয়ার পর নিজ এলাকায় এটি তাঁর দ্বিতীয় সফর। তিন উপজেলাতেই তাঁকে বিশাল গণসংবর্ধনা দেওয়া হবে। রাষ্ট্রপতির সফর ও গণসংবর্ধনাকে ঘিরে হাওরের তিন উপজেলার মানুষের মধ্যে ব্যাপক উৎসাহ উদ্দীপনা বিরাজ করছে। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ,৩,ক.৭)।

**২। জাতিসংঘের সাধারণ পরিষদে যোগ দিতে নিউইয়র্কে পৌঁছেছেন প্রধানমন্ত্রী**

জাতিসংঘের সাধারণ পরিষদের ৭৩তম অধিবেশনে যোগ দিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে পৌঁছেছেন। স্থানীয় সময় রোববার দুপুর ২টা **১১** মিনিটে প্রধানমন্ত্রীকে বহনকারী ব্রিটিশ এয়ারওয়েজের ফ্লাইট বিএ-**১**৮৫ নিউইয়র্ক সিটির অদূরে নিউজার্সি রাজ্যের নিয়ার্ক এয়ারপোর্টে অবতরণ করে। বঙ্গবন্ধুর কনিষ্ঠ কন্যা শেখ রেহানা প্রধানমন্ত্রীর সফরসঙ্গী হয়েছেন। বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে স্বাগত জানান ওয়াশিংটনে বাংলাদেশের রাষ্ট্রদূত মোহাম্মদ জিয়াউদ্দিন ও জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও রাষ্ট্রদূত মাসুদ বিন মোমেন। বিমানবন্দর থেকে প্রধানমন্ত্রীকে মোটর শোভাযাত্রা সহকারে ম্যানহাটনের হোটেল গ্র্যান্ড হায়াতে নিয়ে যাওয়া হয়। জাতিসংঘের অধিবেশন চলাকালে প্রধানমন্ত্রী এ হোটেলেই অবস্থান করবেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সমকাল** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫), **অবজারভার** (পৃ,১,ক.১)।

**৩। উন্নয়নের বার্তা জনগণের কাছে তুলে ধরতে হবে : স্পিকার**

সরকারের যুগোপযোগী সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন এবং কৃষকের অক্লান্ত পরিশ্রমের ফলে দেশে খাদ্য নিরাপত্তা নিশ্চিত হয়েছে। বাংলাদেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিতের সাফল্যগাথা এখন বিদেশিদের গবেষণার বিষয় হয়েছে। দেশের উন্নয়নের এসব বার্তা জনগণের মাঝে তুলে ধরতে হবে। গতকাল (২৩ সেপ্টেম্বর রোববার) পীরগঞ্জের বড়দরগা ও ভেণ্ডাবাড়ি ইউনিয়নে গণসংযোগে বিভিন্ন পথসভায় এসব কথা বলেন স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। তিনি আরো বলেন, বাংলাদেশ আজ নারী উন্নয়নসহ সবক্ষেত্রে উন্নয়নের রোল মডেল। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ ইতোমধ্যেই স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উন্নীত হয়েছে। স্বাধীনতার পর এটাই আমাদের সবচেয়ে বড় অর্জন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **সংবাদ** (পৃ.৪,ক.১)।

**৪। নির্বাচনের কারণে অর্থনীতি ক্ষতিগ্রস্ত হবে না : অর্থমন্ত্রী**

আসন্ন জাতীয় নির্বাচনকে কেন্দ্র করে রাজনৈতিক অঙ্গনে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টির আশঙ্কা নেই বললেই চলে। তবে বিরূপ পরিস্থিতি তৈরি হলেও দেশের অর্থনীতি ক্ষতিগ্রস্ত হবে না বলে মনে করেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি গতকাল (২৩ সেপ্টেম্বর রোববার) পেশাদার হিসাববিদদের সংগঠন আইসিএমএবি'র আন্তর্জাতিক সম্মেলনে একথা বলেন। রাজধানীতে সোনারগাঁও হোটেলে টেকসই উন্নয়ন লক্ষ্য অর্জনে চ্যালেঞ্জ ও উত্তরণের উপায় শীর্ষক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে অর্থমন্ত্রী আরও বলেন, দেশের অর্থনীতি এখন ভারসাম্যপূর্ণ অবস্থানে আছে। সূত্র-**সমকাল** (পৃ.১৩,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **অবজারভার** (পৃ.১৭,ক.১), **নিউজ টুডে** (পৃ,৭,ক.৫)।

**৫। প্রতিবন্ধীদের জীবনমান উন্নয়নে সরকার সচেষ্ট : সমাজকল্যাণমন্ত্রী**

সমাজকল্যাণমন্ত্রী রাশেদ খান মেনন বলেছেন, প্রতিবন্ধীদের জীবনমান উন্নয়নে সবসময় সচেষ্ট রয়েছে সরকার। প্রতিবন্ধীরা সমাজের বোঝা নয়। তাদের শিক্ষা, পুনর্বাসন, সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিত করা গেলে তারাও সমাজের উন্নয়নে ভূমিকা রাখতে পারে। গতকাল (২৩ সেপ্টেম্বর রোববার) বরিশালের বাবুগঞ্জ উপজেলার পাইলট বালিকা মাধ্যমিক বিদ্যালয়ে সমন্বিত দৃষ্টিপ্রতিবন্ধী শিক্ষা কার্যক্রম ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১)।

**৬। দেশ অর্থনৈতিকভাবে অগ্রসর হওয়ার পূর্বশর্ত উন্নত যোগাযোগ ব্যবস্থা : পরিকল্পনামন্ত্রী**

বাংলাদেশে বিটুমিনের সড়ক টিকবে না। পানি বিটুমিনের শত্রু। পানির সাথেই আমাদের সবসময় বসবাস। আমাদের ২০ বছর মেয়াদি কংক্রিট সড়ক নির্মাণ করতে হবে। প্রথম **১**০ বছর কংক্রিট সড়কে হাতই দিতে হবে না। প্রথম দিকে কংক্রিটের রাস্তায় খরচ বেশি পড়তে পারে, কিন্তু টেকসই হিসেবে সেই খরচ বিটুমিনের চেয়ে অনেক কম হবে এবং মানুষের জীবনে শান্তি ফিরে আসবে। গতকাল (২৩ সেপ্টেম্বর রোববার) রাজধানীর শেরেবাংলা নগরে এনইসি সম্মেলনকক্ষে বাংলাদেশে মানসম্মত সড়ক অবকাঠামো বিনির্মাণ: সমস্যা ও সম্ভাবনা বিষয়ক সেমিনারে পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৮), **অবজারভার** (পৃ.১৭,ক.৬)।

**৭। আগামী ৭ থেকে ২৮ অক্টোবর ইলিশসহ সকল মাছ ধরা নিষিদ্ধ**

ইলিশ সংরক্ষণে ইলিশের প্রধান প্রজনন মৌসুম অর্থাৎ আগামী ৭ থেকে ২৮ অক্টোবর প্রজননক্ষেত্রের ৭ হাজার বর্গকিলোমিটার এলাকায় সকল প্রকার মাছ আহরণ, পরিবহণ, মজুদ, ক্রয়-বিক্রয় নিষিদ্ধ করেছে সরকার।

প্রজননক্ষেত্রসমূহ হচ্ছে, মীরসরাই উপজেলার শাহের খালী হতে হাইতকান্দী পয়েন্ট, তজুমুদ্দীন উপজেলার উত্তর তজুমুদ্দীন হতে পশ্চিম সৈয়দপুর আওলিয়া পয়েন্ট, কলাপাড়া উপজেলার লতা চাপালি পয়েন্ট ও কুতুবদিয়া উপজেলার উত্তর



কুতুবদিয়া হতে গণ্ডামার পয়েন্ট। গতকাল (২৩ সেপ্টেম্বর রোববার) মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী নারায়ণ চন্দ্র চন্দের সভাপতিত্বে প্রধান প্রজনন মৌসুমে 'মা-ইলিশ সংরক্ষণ অভিযান-২০১৮' বাস্তবায়ন সংক্রান্ত জাতীয় টাস্কফোর্স কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৮), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

৮। **ডিজিটাল নিরাপত্তা আইন ডিজিটাল অপরাধ দমনের জন্য : তথ্য প্রযুক্তিমন্ত্রী**

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তিমন্ত্রী মোস্তাফা জব্বার বলেছেন, ডিজিটাল নিরাপত্তা আইন সাংবাদিকদের মৌলিক কিংবা নাগরিক অধিকার হরণের আইন নয়, এ আইন ডিজিটাল অপরাধ দমনের জন্য-যা সকল নাগরিকের ক্ষেত্রেই প্রযোজ্য হবে। গতকাল (২৩ সেপ্টেম্বর রোববার) সাভারের আশুলিয়ায় বেসরকারি মোবাইল ফোন কোম্পানি সিম্ফনি'র নবনির্মিত মোবাইল ফোন কারখানার কার্যক্রম উদ্বোধন অনুষ্ঠানে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৮), **যুগান্তর** (পৃ.১৬,ক.৫)।

৯। **এএফসি অনূর্ধ্ব-১৬ নারী ফুটবলে বাংলাদেশের মেয়েরা অপরাজিত গ্রুপ চ্যাম্পিয়ন**

বাংলাদেশের মেয়েরা আরো একবার প্রমাণ করল তারা উন্নত দেশের মতো সুযোগ-সুবিধা ও প্রশিক্ষণ পেলে আন্তর্জাতিক ফুটবলে মাথা উঁচু করে দাঁড়াবে। মধ্যপ্রাচ্যের দেশ এবং আসিয়ান দেশের বিপক্ষে বাংলাদেশের অনূর্ধ্ব-১৬ নারী ফুটবল দল চোখ ধাঁধানো ফুটবল খেলেছে। ছবির মতো ফুটবল খেলে এএফসি অনূর্ধ্ব-১৬ নারী ফুটবলের বাছাইয়ে গ্রুপ চ্যাম্পিয়ন হয়েছে। গতকাল (২৩ সেপ্টেম্বর রোববার) ঢাকায় কমলাপুরে বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহী মোস্তফা কামাল স্টেডিয়ামে এফ গ্রুপের শেষ খেলায় বাংলাদেশ ২-০ গোলে ভিয়েতনামকে হারিয়ে গ্রুপ চ্যাম্পিয়ন হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.১৪,ক.১), **ডেইলি সান** (পৃ.৪,ক.৬)।

১০। **এশিয়াকাপে আফগানিস্তানকে হারিয়ে বাংলাদেশের রুদ্ধশ্বাস জয়**

আবুধাবিতে গতকাল (২৩ সেপ্টেম্বর রোববার) আফগানিস্তানকে ৩ রানে হারিয়েছে বাংলাদেশ ক্রিকেট দল। এর মাধ্যমে এশিয়া কাপে টিকে থাকল বাংলাদেশ। অপরদিকে সুপার ফোর পর্বে টানা দুই হারে টুর্নামেন্ট থেকে আফগানদের বিদায় নিশ্চিত হলো। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১.ক.১), **যুগান্তর** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৬)।

## সম্পাদকীয়

ক. **বণিক বার্তা :** আইসিডিডিআরবি পরিচালিত এক গবেষণায় শহরের দরিদ্র জনগোষ্ঠীর ৭০ শতাংশ ফার্মেসিতে চিকিৎসাসেবা নেয় এ তথ্য প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে চিকিৎসাসেবার মাত্রাতিরিক্ত ব্যয় এর অন্যতম কারণ উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

খ. **যায়যায়দিন :** মালয়েশিয়ার অভিবাসন দপ্তরের অভিযানে বৈধ নথিপত্রহীন ৩৩৮ বিদেশি শ্রমিক আটক করা হয়েছে যাদের মধ্যে ৫৫ জন বাংলাদেশি উল্লেখ করে এ ধরনের ঘটনায় বৈধপথে জনশক্তি রপ্তানির পথ দিন দিন রুদ্ধ হতে থাকবে আশংকায় অবৈধভাবে জনশক্তি রপ্তানির বিরুদ্ধে কঠোর অবস্থান নেওয়া হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

গ. **যুগান্তর :** দেশে অবৈধ পাঁচ শতাধিক অস্ত্র ব্যবসায়ীর পাশাপাশি অন্তত চার লাখ অবৈধ আগ্নেয়াস্ত্র, বিভিন্ন অঞ্চলে গড়ে তোলা অবৈধ বিস্ফোরকের মজুদ থাকার বিষয়টি উদ্বেগজনক উল্লেখ করে এসব উদ্ধারে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

ঘ. **প্রথম আলো :** সিরাজগঞ্জের সদর উপজেলাসহ বিভিন্ন উপজেলায় ধানের চারা উৎপাদনের জন্য কৃষকদের ভাসমান বীজতলা তৈরির খবরটি বন্যাপ্রবণ এলাকার জন্য অনুসরণীয় দৃষ্টান্ত বলে মতপ্রকাশ।

ঙ. **সংবাদ :** রাঙ্গামাটির নানিয়ারচরে গুলি করে ইউপিডিএফের দুই কর্মীকে হত্যা করেছে দুর্বৃত্তরা উল্লেখ করে এ হত্যাকাণ্ডের দ্রুত তদন্ত ও বিচার দাবি।

চ. **ইন্ডিপেনডেন্ট :** ভয়ংকর মাদক 'খাথ' এর দেশে অনুপ্রবেশ ও বিস্তার রোধে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **বাংলাদেশ টুডে :** রাজধানীর পরিবেশদূষণ রোধে নজর দেওয়ার সুপারিশ।

## উপসম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, আমাদের শিক্ষা ব্যবস্থায় তরুণ প্রজন্মকে দেশ ও আন্তর্জাতিক অঙ্গনে টিকে থাকা ও এগিয়ে যাওয়ার পাঠ্যক্রম থাকতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **‘ব-দ্বীপ পরিকল্পনা উন্নত বাংলাদেশের স্বপ্ন’** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, সরকারের ব-দ্বীপ পরিকল্পনা উন্নত বাংলাদেশ গড়ার চমৎকার একটি উদ্যোগ।

#

ডালিয়া/শুকলা/সাঈদা/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা